পদ্ময়োরবিস্মৃতিঃ ভবতীত্যেষা। তথা, অবিস্মৃতিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ ক্ষিণোত্যভদ্রাণি চ শং তনোতি। সত্ত্বস্য শুদ্ধিং পরমাঞ্চ ভক্তিং জ্ঞানঞ্চ বিজ্ঞানবিরাগযুক্তম্॥ ৮৯॥

এইশ্লোকে শ্রীধরস্বামীকৃত টীকার ব্যাখ্যাও এইরূপ বুঝিতে হইবে। কিঞ্চ—হে শৌনক! আরও বলি, বর্ণ ও আশ্রমসমুচিত আচারাদি প্রতিপালনে যে মহীয়ান পরিশ্রম, তাহা কেবল নিজ সুযশ অথবা সম্পত্তি-প্রাপ্তিরই কারণ হইয়া থাকে; কিন্তু পরমপুরুষার্থ প্রাপ্তির কারণ হয় না। শ্রীহরির গুণানুবাদ শ্রবণ, কীর্ত্তন প্রভৃতি দ্বারা কিন্তু শ্রীধরপাদপদ্মযুগলে অবিস্মৃতি ঘটিয়া থাকে। এই স্থানের অভিপ্রায় এই যে—শ্রীধরভগবান অর্থাৎ অখণ্ড আনন্দের মূর্ত্তি, অনবরত হৃদয়ে তাঁহার স্মৃতিটিই পরমানন্দ-প্রাপ্তিরূপ পরমপুরুষার্থ। শ্রীহরিকথা শ্রবণ-কীর্ত্তনাদি দ্বারা শ্রীধরপাদপদ্মে অনবরতঃ স্মৃতিরূপ পরমপুরুষার্থপ্রাপ্তি ঘটিয়া থাকে। অতএব, জীবনের অন্য কোন সাধনে আদর না রাখিয়া শ্রীহরিকথা শ্রবণ-কীর্ত্তনাদিতেই আদর রাখা একান্ত কর্ত্তব্য। শ্রীধরস্বামীকৃত টীকার তাৎপর্য্যার্থ॥

এইক্ষণে আরও কয়েকটি শ্লোকে শ্রীকৃষ্ণচরণকমলে স্মৃতির মহিমাবিশেষ কীর্ত্তন করিতেছেন—হে শৌনক! অনবরত শ্রীকৃষ্ণচরণারবিন্দযুগলের স্মৃতিটি নিখিল অমঙ্গলরাশি ক্ষয় করিয়া দিয়া থাকেন। এমন কি, সকল অমঙ্গলের মূলজননী ভগবদ্‌বিমুখতা পর্য্যন্ত নিবৃত্তি করিয়া থাকেন এবং শ্রীকৃষ্ণচরণারবিন্দে অতুলনীয় মাধুর্য্যাস্বাদ বিস্তার করিয়া থাকেন। এমন কি, ঐহিক-পারলৌকিক সুখভোগে বিতৃষ্ণার কথা দূরে থাকুক, মুক্তিতে পর্য্যন্ত আনন্দের বুদ্ধি আনিয়া দেয়। তৎপর শ্রীকৃষ্ণচরণারবিন্দে আকুলতা-মাখা পরম আবেশময়ী পরাভক্তির আবির্ভাব করাইয়া থাকেন ও অনুভব-মাখা পরোক্ষজ্ঞান ও বিষয়বৈরাগ্য জন্মাইয়া দেয়॥ ৮৯॥

স্পষ্টম্। তথা—যূয়ং দ্বিজাগ্র্যা বত ভূরিভাগা যঃ শশ্বদাত্মন্যখিলাত্মভূতম্। নারায়ণং দেবমদেবমীশমজস্রভাবা ভজতাবিবেশ্য॥ ৯০॥

টীকা চ—তদেবং শ্রোতৃনাত্মানঞ্চ অভিনন্দয়ন্নাহ। তথা হে দ্বিজাগ্র্যা যদ্ যস্মাদাত্মন্যন্তঃকরণে শ্রীনারায়ণমাবিবেশ্য শশ্বৎ ভজন্, সম্ভাবনায়াং লোট্, অতো ভূরিভাগাব হুপূণ্যাঃ, কথম্ভূতমখিলাত্মভূতম্ সর্ব্বান্তর্য্যামিণং। অতএব দেবং সর্ব্বো-পাস্যং অদেবং ন দেব অন্য যস্য তম্। কুতঃ ঈশম্। যদ্বা যস্মাদ্‌যূয়ং ভূরিভাগাস্তপ-আদিনা সম্পন্নাস্ততো নারায়ণং ভজেতেতি বিধিরিত্যেষা। অত্র তপআদিসম্পত্তেঃ সার্থকত্বং নারায়ণভজনেন ভবতীতি স্বাম্যভিপ্রায়ঃ। তথা—অহঞ্চ সংস্মারিত আত্মতত্ত্বং শ্রুতং পুরা মে পরমর্ষিবক্ত্রাৎ। প্রায়োপবেশে নৃপতেঃ পরীক্ষিতঃ সদস্যৃষিণাং মহতাঞ্চ শৃন্বতাম্॥ ৯১॥